

## রাজ্যে বিদেশি পর্যটকের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পশ্চিমবঙ্গ উঠে এল পঞ্চমমে



**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** রাজ্যে বিদেশি পর্যটকের সংখ্যা বাড়ছে, কেন্দ্রীয় সরকারের সমীক্ষা অনুযায়ী এই তথ্য জানা গিয়েছে। তাতে বলা হয়েছে, বিদেশি পর্যটক টানার ক্ষেত্রে গোটা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ ছিল ষষ্ঠ স্থানে, এবার বিদেশি পর্যটকের সংখ্যা বেড়ে যাওয়ায় গোটা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ পঞ্চম স্থানে উঠে এসেছে। পাহাড়ে ১০৪ দিনের বেশি অচলাবস্থা থাকলেও সুন্দরবন, শান্তিনিকেতন, দীঘা-মন্দারমণি, পুজো কার্নিভাল, অনূর্ধ্ব ১৭ বিশ্বকাপ ফুটবলের আসর বিদেশি পর্যটকদের এ রাজ্যে টেনে এনেছে, সেইসঙ্গে বেলুড় মঠসহ নানা ধর্মীয় স্থানকে সাজিয়ে তোলার জন্য প্রসাদ নামে একটি প্রকল্প নিয়েছে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক। ওই প্রকল্পে বেলুড় মঠকে সাজিয়ে তোলার জন্য ৩০ কোটি টাকা দেওয়া হয়েছে, আর গোটা প্রকল্পের জন্য কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক বরাদ্দ করেছে ১০০ কোটি টাকা। বাকি আরও কিছু প্রকল্প অনুমোদনের জন্য কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের কাছে পাঠানো হবে।

মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার ক্ষমতায় আসার পর রাজ্যে পর্যটন শিল্পকে খুবই গুরুত্ব দেওয়া হয়েছে, নতুন নতুন পর্যটন ক্ষেত্র খুঁজে বের করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে, তাঁরই আবিষ্কার উত্তরবঙ্গের লামাহাটা পর্যটন কেন্দ্র, এই আমলেই রাজ্যে পর্যটন দপ্তরের জন্য বাজেট বরাদ্দ বাড়ানো হয়েছে, বাম আমলের তুলনায় কয়েকগুণ বাড়ানো হয়েছে ওই বাজেট, সেই টাকায় ট্যুরিস্ট লজগুলির চেহারা বদলানো হয়েছে, বেসরকারি ট্যুরিস্ট লজের সঙ্গে পাঞ্জা দিয়ে সরকারি ট্যুরিস্ট লজকে চালানোর নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী, সেই লজগুলির পরিষেবার মান বাড়ানোর জন্য নানা পরিকল্পনা নেওয়া হয়েছে, ট্যুরিস্ট লজের কুক'দের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে পাঁচতারা হোটেলো, শুধু দেশীয় খাবার নয়, চাইনিজ, কন্টিনেন্টাল রান্নাও শিখছেন তাঁরা।

হোয়াটসঅ্যাপের মাধ্যমে প্রতিদিনই কী মেনু হচ্ছে, কী রকম বেডশিট বা পরদা লাগানো হচ্ছে, তা ছবি তুলে পর্যটন দপ্তরে পাঠাতে হবে, পর্যটন দপ্তরের প্রধান সচিব অত্রি ভট্টাচার্যের নির্দেশে মাঝে মাঝেই অফিসাররা ট্যুরিস্ট লজে হানা দিচ্ছেন। সব ঠিক আছে কি না, তা দেখে রিপোর্ট দিচ্ছেন ওই অফিসাররা, যদি হোটেলের মতো সাজানো গোছানো না থাকে, তাহলে সেই লজের দায়িত্বপ্রাপ্ত কর্মী-অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে পরিষ্কার জানিয়ে দেওয়া হয়েছে।

এই ধরনের নানা পদক্ষেপ নেওয়ায় ট্যুরিস্ট লজগুলির আমূল পরিবর্তন হয়ে গিয়েছে, আর সে কারণেই পর্যটকদের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে ওই ট্যুরিস্ট লজ, যার ফলে সেখানে পর্যটকের সংখ্যা বাড়ছে, বিভিন্ন রাজ্য থেকে দীঘা, মন্দারমণি, সুন্দরবন, শান্তিনিকেতন, ডুয়ার্সে পর্যটকরা এসে ভিড় করছেন, ফলস্বরূপ গোটা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ নবম থেকে অষ্টম স্থানে এসে পৌঁছেছে, পর্যটকের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় রাজ্যের রাজস্ব আয়ও বেড়েছে, পর্যটকদের জন্য আরও পরিষেবা বাড়ানোর পরিকল্পনা করছে রাজ্য সরকার।